



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, ঢাকা।



তারিখঃ

০২ ভাদ্র ১৪৩৩
১৭ আগস্ট ২০২৬

প্রশাসনিক পরিপত্র নং- ২৪/২০২৬

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এ সরাসরি নিয়োগ সংক্রান্ত প্রাথমিক কার্যক্রম অনলাইনে সম্পাদনের লক্ষ্যে আইসিএমএল এর ২৪৬তম বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে ইতঃপূর্বে গঠিত “কারিগরী উপ-কমিটি”র কার্যপরিধি নিম্নোক্তভাবে সংশোধন করা হলোঃ


কারিগরী উপ-কমিটি:-

- | | | |
|-----|--|------------|
| ০১. | অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা
অপারেশনাল উইং, আইসিএমএল | আহবায়ক |
| ০২. | আইটি প্রতিনিধি, আইসিবি | সদস্য |
| ০৩. | আইটি প্রতিনিধি, আইসিবি | সদস্য |
| ০৪. | আইটি প্রতিনিধি, আইসিএমএল | সদস্য |
| ০৫. | ডিপার্টমেন্ট প্রধান/ জ্যেষ্ঠ কর্মকর্তা অ্যাডমিনিস্ট্রেশন
ডিপার্টমেন্ট, আইসিএমএল | সদস্য সচিব |

উপ-কমিটির কার্যপরিধিঃ

- ১) পর্যদ কর্তৃক অনুমোদিত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ প্রক্রিয়ার প্রাথমিক কার্যক্রম অনলাইনে সম্পাদনের নিমিত্ত-
 - কোম্পানির বিদ্যমান কর্মচারী চাকুরি প্রবিধানমালার আলোকে আইসিবি’র অনলাইন রিক্রুটমেন্ট সফটওয়্যার ও হোস্টিং ব্যবহারের উপযোগীকরণ;
 - রিক্রুটমেন্ট সফটওয়্যারের মাধ্যমে আবেদনকারীগণের নিকট থেকে আবেদনসহ তথ্য সংগ্রহ;
 - আবেদনকারীগণের তথ্যাদি যাচাই, ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড প্রদান; এবং
 - প্রবেশপত্র সরবরাহ, প্রবেশপত্রের ছবি মিলকরণসহ উদ্ভূত অন্যান্য কারিগরী সমস্যা সমাধানে সহায়তা প্রদান।
- ২) অনলাইনে আবেদন গ্রহণ শেষ হওয়ার পর-
 - যোগ্য আবেদনকারীগণের তালিকা প্রস্তুত;
 - লিখিত পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবহারের জন্য আবেদনকারীর ছবি ও স্বাক্ষরযুক্ত হাজিরা শিট প্রস্তুত;
 - আবেদনকারীগণকে এসএমএস/ই-মেইল এর মাধ্যমে লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচি জানানো; এবং
 - “সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি” এর চাহিদা অনুযায়ী তথ্য প্রদান এবং সংশ্লিষ্ট অন্যান্য কাজ সম্পাদন।
- ৩) কমিটি নিয়োগ কার্যক্রমের অনলাইন সংশ্লিষ্ট সকল কাজের অগ্রগতি সম্পর্কে সময়ে সময়ে “সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি” বরাবর রিপোর্ট করবে।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


(ইসরাত জাহান)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ।
- ০৬। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।